


ঢাকা ওয়াসা

- ১। মড্‌স জোন-২ এর ২০২৫-২৬ অর্থ বছরের সংশোধিত অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি।
 ২। ঠিকাদারী প্রতিষ্ঠান হতে প্রাপ্ত কোটেশন।
 ৩। প্রস্তুতকৃত প্রাক্কলন।


বিষয়ঃ Repairing, maintenance & servicing of Alum dosing system for CWTP, Dhaka WASA কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।


১। সংযুক্ত ক্র: নং ০১ হতে ০৩ দয়া করে দেখা যেতে পারে। চাঁদনীঘাট পানি শোধনাগারের (ঢাকা ওয়াটার ওয়ার্কস) পানি পরিশোধন প্রক্রিয়ায় ব্যবহৃত বিভিন্ন প্রসেস কেমিক্যালের মধ্যে এলুমিনিয়াম সালফেট (এলাম) অন্যতম গুরুত্বপূর্ণ উপকরণ। ল্যাবরেটরীতে 'র' ওয়াটার এর জার টেস্টের ভিত্তিতে পানি পরিশোধনের জন্য কেমিক্যাল বিল্ডিং-এর এলাম মিক্সিং ট্যাংকে প্রতিদিন সলিড এলুমিনিয়াম সালফেট (এলাম) ঢালা হয়। যা Helical stirrers/mixing gear motor এর মাধ্যমে এলামের সল্যুশন তৈরি করা হয়। কেমিক্যাল বিল্ডিং-এ উক্ত সল্যুশন তৈরির জন্য মোট ০২(দুই) টি এলাম মিক্সিং ট্যাংক রয়েছে(প্রতিটির ধারণক্ষমতা ১০০০০ লিটার)। প্রতিটি ট্যাংকে ১ টি করে ২ সেট ২.২ কিলোওয়াটের গিয়ার মোটর চালু আছে। সচল মিক্সিং গিয়ার মোটরের বিপরীতে কোন স্পেয়ার গিয়ার মোটর মজুদ নেই। উক্ত মিক্সিং গিয়ার মোটরগুলো প্লান্ট বি.এম.আর. ই অর্থাৎ ১৯৯৭ সাল হতে চালু আছে। দীর্ঘদিন চলার ফলে গিয়ার মোটরগুলোতে ত্রুটি দেখা দিচ্ছে। ফলে ল্যাব নির্দেশিত মাত্রার কনসেন্ট্রেশন পাওয়া যায় না। সেই কারনে পানির কোয়ালিটিতে প্রভাব পড়ে। তাই জরুরী ভিত্তিতে ২ সেট লাইম মিক্সিং গিয়ার মোটর মেরামত, রক্ষণাবেক্ষণ ও সার্ভিসিং কাজ করা প্রয়োজন। উক্ত কাজটি করার জন্য ঠিকাদারী প্রতিষ্ঠান হতে কোটেশন সংগ্রহ করা হয়েছে। সর্বনিম্ন কোটেশনের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যাহাতে টাকার পরিমাণ দাঁড়িয়েছে টা:৪৮,৩০০.০০ (আটচল্লিশ হাজার তিনশত) টাকা মাত্র যা অনুমোদন দেয়া যেতে পারে। উক্ত কাজের ব্যয়ভার অত্র জোনের ২০২৫-২০২৬ইং অর্থ বৎসরের অনুমোদিত সংশোধিত ক্রয় পরিকল্পনার পানি ও পয়ঃ শোধনাগার (ও এন্ড এম) খাতের-ক্রমিক নং-১১২ হতে নির্বাহ করা হবে।

২। এমতাবস্থায়, Repairing, maintenance & servicing of Alum dosing system for CWTP, Dhaka WASA কাজটি বাস্তবায়নের লক্ষ্যে প্রাক্কলনে উপস্থাপিত সর্বমোট=৪৮,৩০০.০০ (আটচল্লিশ হাজার তিনশত) টাকা মাত্র এর প্রাক্কলনটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ বিধি ৯৯(ড) অনুসরণে সরাসরি চুক্তি প্রক্রিয়ায় ঠিকাদারী প্রতিষ্ঠান নাদিয়া এন্টারপ্রাইজ এর অনুকূলে পরিশোধের অনুমোদন করা যেতে পারে।
 উল্লেখ্য, আলোচ্য কাজের অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের এখতিয়ারাধীন।



 ১৮/০৫/২৬
 মোঃ ওমর ফারুক
 উপ-সহকারী প্রকৌশলী
 ঢাকা ওয়াটার ওয়ার্কস
 মড্‌স জোন-২, ঢাকা ওয়াসা


 ১৮/০৫/২৬
 মোঃ হালিয়াস হোসেন
 সহকারী প্রকৌশলী
 ঢাকা ওয়াটার ওয়ার্কস
 মড্‌স জোন-২, ঢাকা ওয়াসা


 ১৮/০৫/২০২৬
 মোঃ হালিয়াস হোসেন
 নির্বাহী প্রকৌশলী
 মড্‌স জোন-২, ঢাকা ওয়াসা।


 ১৮/০৫/২৬
 মোঃ ফিরোজ আলম
 তত্ত্বাবধায়ক প্রকৌশলী
 মড্‌স সার্কেল-১, ঢাকা ওয়াসা।

৩। প্রস্তুতকৃত অনুমোদিত,


 ১৮/০৫/২৬
 শওকত মাহমুদ
 প্রধান প্রকৌশলী
 ঢাকা ওয়াসা

শওকত মাহমুদ
 প্রধান প্রকৌশলী
 ঢাকা ওয়াসা